

প্রথম পক্ষ (লীজ গ্রহীতা)

নাম-

পিতার নাম-

গ্রাম-

ডাকঘর-

উপজেলা-

জেলা-

দ্বিতীয় পক্ষ (লীজ দাতা)

নাম-

পিতার নাম-

গ্রাম-

ডাকঘর-

উপজেলা-

জেলা-

বায়না পত্র মিদং কার্যাঞ্জে পরম করুণাময় ঈশ্বরের নাম স্মরণ করিয়া অত্র লীজ চুক্তিনামা (ডিড) লেখা শুরু করিলাম। আমি/আমরা দ্বিতীয় পক্ষগণ আমার/আমাদের রায়তি স্থিতিবান স্বত্ব দখলীয় জমিজমা ভোগ দখল করিয়া আসিতেছি। আমি/আমরা আমাদের স্বত্ববান দখলীয় জমি অর্থের বিশেষ প্রয়োজনে চিংড়ি/মাছ চাষের জন্য ২০১৪ ইং সালের ০১ জানুয়ারী মাস হইতে ২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ০৫(পাঁচ) বছর মেয়াদি লীজ দেওয়ার প্রস্তাব করিলে আপনি/আপনারা প্রথম পক্ষ নিম্নলিখিত শর্তসাপেক্ষে লীজ গ্রহণে রাজি হওয়ায় লীজ প্রদান করিলাম।

শর্তসমূহঃ

- ১। প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে বাৎসরিক জমির বিঘা (৩৩শতক) প্রতি টাকা (কথায় টাকা মাত্র) হারে হারি প্রদান করিবে। প্রাপ্য জমির হারি ২টি সমান কিস্তিতে পরিশোধযোগ্য যাহা প্রতি ইংরেজি সনের জানুয়ারী মাসে ১ম কিস্তি, জুন মাসে অবশিষ্ট ২য় কিস্তি পরিশোধ করিবে।
- ২। লীজ প্রদানকৃত জমিতে উৎপাদিত মাছ/চিংড়ি ও ধান্য ফসলের উপর স্ব স্ব জমির মালিকগণের কোন প্রকার আপত্তি থাকিবে না। আপত্তি করিলে আইনতঃ অগ্রাহ্য হইবে।
- ৩। প্রথম পক্ষ পার্শ্ববর্তী কৃষি জমির ফসল/মিষ্টি পানির পুকুরের কোনরূপ ক্ষতি না করিয়া লীজকৃত জমিতে চিংড়ি/মাছ চাষের জন্য প্রয়োজনে লোনা পানি ঢোকাইতে পারিবেন। ইহাতে দ্বিতীয় পক্ষের কোন প্রকার আপত্তি থাকিবে না। আপত্তি করিলে আইনতঃ অগ্রাহ্য হইবে।
- ৪। প্রথম পক্ষ লীজকৃত জমিতে চিংড়ি/মাছ চাষের জন্য প্রয়োজনে ভেড়ী, বাঁধ নির্মাণসহ প্রয়োজনীয় অবকাঠামোগত কার্যাদি করিতে পারিবেন। ইহাতে ২য় পক্ষের কোন প্রকার আপত্তি থাকিবে না।
- ৫। লীজের মেয়াদ শেষে প্রথম পক্ষ কর্তৃক জমিতে সৃষ্টিকৃত বাঁধ, গর্ত, নালা প্রভৃতি প্রয়োজনীয় কার্যাদি পূরণ/সমতল করিয়া দিতে বাধ্য থাকিবেন।
- ৬। লীজ প্রদত্ত জমির খাজনা ও করাদি স্ব স্ব জমির মালিকগণ বহন করিবেন।
- ৭। প্রথম পক্ষ কর্তৃক লীজ প্রদত্ত জমির হারির টাকা নগদ অথবা চেকের মাধ্যমে জমির মালিকগণকে প্রদান করিতে হইবে।
- ৮। লীজ প্রদত্ত জমির মালিকানা কোনরূপ হস্তান্তর হইলে বা বিক্রিত জমির গ্রহীতা লীজের কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করিতে পারিবে না। অত্র চুক্তি পত্র উক্ত ওয়ারেশন/জমি গ্রহীতার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- ৯। বর্ণিত শর্তাদি প্রথম পক্ষ যথাযথভাবে পালন করিবে। দ্বিতীয় পক্ষ (জমির মালিকগণ) চুক্তির মেয়াদকালের মধ্যে কোনভাবেই উক্ত চুক্তিপত্র বাতিল করিতে পারিবেন না। করিলেও তাহা আইনতঃ অগ্রাহ্য হইবে।
- ১০। কোন জমির মালিক একতরফাভাবে এভিডেভিড মুলে ডীড বাতিল করিতে পারিবে না। করিলে তাহা আইনতঃ অগ্রাহ্য হইবে।

১১। প্রথম পক্ষ লীজকৃত জমি হস্তান্তর, বন্ধক, বিনিময় বা সাব লীজ প্রদান করিতে পারিবে না। করিলে উক্ত লীজ চুক্তি নামা বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। লীজ গ্রহীতা প্রথম পক্ষ কোন সংস্থা বা ব্যাংক হতে উক্ত ডিডের বিপরীতে ঋণ গ্রহণ করিলে তাহাতে জমির মালিকগণের কোন আপত্তি থাকিবে না। কিন্তু ডিডের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই গৃহীত ঋণ পরিশোধ করিতে হইবে। অনাদায়ী ঋণের জন্য জমির মালিকগণ কোনরূপ দায়ী থাকিবে না।

এতদ্বারা সুস্থ শরীরে অন্যের বিনা অনুরোধে স্বজ্ঞানে, স্বেচ্ছায় এবং পড়িয়া প্রথম পক্ষকে ইং সাল হইতে ইং সাল পর্যন্ত মোট বছর মেয়াদী চিংড়ি চাষের জন্য লীজ ডিড চুক্তিপত্র নামায় স্বাক্ষর করিলাম।

তপসিল বিবরণঃ

ক্রঃ নং	জমির মালিকের নাম	পিতার নাম	গ্রাম	খতিয়ান নং	দাগ নং		আয়তন (একর)	স্বাক্ষর
					নতুন	পুরাতন		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১								
২								
৩								

লীজদাতা/গণের স্বাক্ষর

লীজ গ্রহীতার স্বাক্ষর

সাক্ষীগণের স্বাক্ষর